



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

নিয়োগ বিজ্ঞপ্তি নং-০১/২০১৯

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭/ ৬২০

তারিখঃ- ২৯/০১/২০১৯ইং।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ) এর নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	বয়স সীমা	শূন্য পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১।	নদী জরিপকারী	জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩৫ বৎসর	০৩	স্নাতক পর্যায়ে অংকসহ হাইড্রোগ্রাফি/ওসানোগ্রাফিতে স্নাতক অথবা পদার্থ/রসায়ন/গণিত/ভূগোল/ভূ-প্রকৃতি বিদ্যায় স্নাতকোত্তর ডিগ্রী। সরাসরি নিয়োগকৃত প্রার্থীদের শিক্ষানবীসকাল ২ বৎসর হইবে যাহার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় ফলাফলের উপর চাকুরীতে আত্মীকরণ করা হইবে।	
	কনিষ্ঠ নদী জরিপকারী	জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	২১-৩০ বৎসর	০৮	গণিতসহ বি. এ, ডিগ্রী অথবা পদার্থ, রসায়ন ও গণিতসহ বি, এস, সি, ডিগ্রী। সরাসরি নিয়োগকৃত প্রার্থীদের শিক্ষানবীসকাল ২ বৎসর হইবে। যাহার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফল এর উপর চাকুরীতে আত্মীকরণের বিষয়টি নির্ভরশীল থাকিবে।	

- ০২। বয়স : ০১/০১/২০১৯ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে।
- ০৩। আগ্রহী প্রার্থীদেরকে ১০/০২/২০১৯ তারিখ পর্যন্ত শুধুমাত্র www.jobsbiwta.gov.bd এর মাধ্যমে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।
- ০৪। আবেদন করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী www.jobsbiwta.gov.bd সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ ৩২০(তিনশত বিশ) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- ০৫। আবেদনকারীগণকে তাদের Applied ID টি ব্যবহার করে www.jobsbiwta.gov.bd ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদন পত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে।
- ০৬। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজ পত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের সময় প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।
- ০৭। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারেন। মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৮। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
- ০৯। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১০। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।
- ১১। বিআইডব্লিউটিএ কর্তৃপক্ষ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

(জুলফা খানম)
যুগ্ম-পরিচালক(সংস্থাপন)
বিআইডব্লিউটিএ, ঢাকা।